**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বাড়ি বাড়ি ভোট গ্রহণ প্রক্রিয়া আজ থেকে শুরু হয়েছে।**
**(২) আসন্ন এডিসি নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ করা হবে আগামী ৭ ও ৮ই এপ্রিল।**
**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, নালন্দার পুনরুদ্ধার সমগ্র বিশ্বের জন্য একটি বৌদ্ধিক ও সাংস্কৃতিক নবজাগরণের সূচনা করে।**
**(৪) রাজ্যের তিনটি পঞ্চায়েত দীনদয়াল উপাধ্যায় এবং নানাজি দেশমুখ সতত বিকাশ পুরস্কারের বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার লাভ করেছে।**

************************************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বাড়ি বাড়ি ভোট গ্রহণ প্রক্রিয়া আজ থেকে শুরু হয়েছে। ধর্মনগরের মহকুমা ম্যাজিস্ট্রেট তথা রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ৮৫ উর্ধ্ব প্রবীণ নাগরিক ও বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য বাড়ি বাড়ি গিয়ে ভোটকর্মীরা আজ থেকে ভোট গ্রহণ শুরু করেছেন। তা চলবে আগামী দোসরা এপ্রিল পর্যন্ত।

তিনি আরো জানান, ধর্মনগর বিধানসভা কেন্দ্রে ৮৫ উর্ধ্ব প্রবীণ ভোটার রয়েছেন ১১৬ জন এবং বিশেষভাবে সক্ষম ভোটার রয়েছেন ৬৯ জন। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ভোটকর্মীরা আজ ভোট গ্রহণ করেছেন। ভোট গ্রহনের সময় ভোটকর্মীদের প্রত্যেকটি দলের সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের ১ জন করে প্রতিনিধি উপস্থিত ছিলেন। উত্তর জেলা থেকে আমাদের সংবাদদাতা কৌস্তভ ভট্টাচার্য জানিয়েছেন, নির্বাচন কমিশনের নির্দেশ

অনুযায়ী সমাজের প্রতিটি স্তরের মানুষের ভোটাধিকার নিশ্চিত করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভোট কর্মীদের মোট ৮টি দল আগামী দু'দিনও ধর্মনগর বিধানসভা কেন্দ্রে ৮৫ উর্দ্ধ প্রবীণ এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোট সংগ্রহ করবেন। আগামী তেসরা এবং চৌঠা এপ্রিল নির্বাচনের কাজে নিযুক্ত কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে। ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ করা হবে। ধর্মনগর শহরে প্রবেশের বিভিন্ন জায়গায় নাকা পয়েন্ট তৈরি করা হয়েছে। চলছে যানবাহনে তল্লাশি। এদিকে আজ উত্তর জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, পুলিশ সুপার অবিনাশ রাই, রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী, মহকুমা পুলিশ আধিকারিক জয়ন্ত কর্মকারের নেতৃত্বে কেন্দ্রীয় বাহিনী, টি.এস.আর জওয়ানরা ও রাজ্য পুলিশ ধর্মনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় রোড মার্চ করে।

****************************

**ADC-Campaign :**

এডিসি নির্বাচন ঘিরে রাজ্যের বিভিন্ন এলাকায় রাজনৈতিক দলগুলির প্রচার চলছে। তেলিয়ামুড়া কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের মুঙ্গিয়াকামী বাজারে বিজেপির রামকৃষ্ণপুর শক্তি কেন্দ্রের কার্যালয়ে এক প্রচার সভায় উপস্থিত ছিলেন বিজেপি মনোনীত প্রার্থী বিল্লু জমাতিয়া। তেলিয়ামুড়া মহারানীপুর কেন্দ্রের সিপিআইএম প্রার্থীর সমর্থনে মুঙ্গিয়াকামী বাজার এলাকায় এক সভায় উপস্থিত ছিলেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, মহারানীপুর কেন্দ্রের সিপিআইএম প্রার্থী রতন কিশোর জমাতিয়া। জম্পুইজলা টাকারজলা কেন্দ্রের তিপ্রা মথা প্রার্থী সুরজ দেববর্মা জম্পুইজলা এলাকায় নির্বাচনী সভায় অংশ নেন। ধলাই জেলার ময়নামা মুসলিম পাড়ায় তিপ্রা মথার উদ্যোগে এক সভায় উপস্থিত ছিলেন মনু-ছৈলেংটা কেন্দ্রের তিপ্রা মথা মনোনীত প্রার্থী হলিউড চাকমা।

******************************

**ADC Election Candidate fray :**

আসন্ন এডিসি নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ করা হবে আগামী ৭ ও ৮ই এপ্রিল। উল্লেখ্য, রাজ্য নির্বাচন কমিশনের নির্ঘন্ট অনুযায়ী এডিসি'র ২৮টি আসনের ভোট গ্রহণ আগামী ১২ই এপ্রিল। এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছে মোট ১৭৩ জন প্রার্থী। এরমধ্যে মহিলা প্রার্থী ৮ জন।

******************************

**Jari-Sari Utsav :**

তথ্য-সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং রাজ্য ওয়াকফ বোর্ড ও কৈলাশহর পুর পরিষদের সহায়তায় আজ কৈলাশহরের ইছবপুর গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠিত হয় "জারি-সারি উৎসব-২০২৬"। ইছবপুর গ্রাম পঞ্চায়েতের অধীন প্রভাকর ইংরাজি মাধ্যম জেবি স্কুল মাঠে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, সংস্কৃতি আমাদের প্রাণ। এধরনের উৎসবের মধ্য দিয়ে চিরায়ত সংস্কৃতির বিকাশের পাশাপাশি মানুষে মানুষে মেলবন্ধন সুদৃঢ় হয়। বক্তব্য রাখেন রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ। উৎসবে বিভিন্ন স্থান থেকে আগত শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

****************************

**DDRC-Gomati :**

গোমতী জেলার তেপানিয়ার জেলা দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্রে বিনামূল্যে কৃত্রিম অঙ্গ, বিভিন্ন সহায়ক উপকরণ ফিটমেন্ট ও বিতরণ শিবির অনুষ্ঠিত হয়। জেলা দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্র ও জয়পুরের শ্রী ভগবান মহাবীর বিকলাঙ্গ সহায়তা সমিতির যৌথ উদ্যোগে আয়োজিত দুইদিব্যাপী শিবিরের উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেব রায়।

****************************

**Finance Commission :**

পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান হিসাবে ত্রিপুরা চলতি অর্থ বছরে ৬৮ লক্ষ টাকা পেয়েছে। কেন্দ্রীয় সরকার এই খাতে আটটি রাজ্যকে পঞ্চদশ অর্থ কমিশ নের অনুদান হিসাবে ২,৪৬১ কোটি টাকারও বেশি মঞ্জুর করেছে। গ্রামীণ স্থানীয় প্রশাসনকে আরও শক্তিশালী করার লক্ষ্যে এই মঞ্জুরী।

*************************

**Mahabir Jayanti :**

আজ মহাবীর জয়ন্তী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাবীর জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সারা দেশের সাথে রাজ্যেও যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে মহাবীর জয়ন্তী। এই উপলক্ষে আজ আগরতলার টাউনহল সংলগ্ন মহাবীর রিলিজিয়াস ট্রাস্টের উদ্যোগে জৈন মন্দিরে প্রার্থনা সভার আয়োজন করা হয়। ভগবান তীর্থঙ্কর মহাবীরের ভজন কীর্তন গাওয়া হয়। রাজ্যে বসবাসরত জৈন ধর্মালম্বীরা এতে অংশ নেনে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, নালন্দার পুনরুদ্ধার কেবল বিহার অথবা ভারতের জন্য একটি কৃতিত্ব নয়, বরং এটি সমগ্র বিশ্বের জন্য একটি বৌদ্ধিক ও সাংস্কৃতিক নবজাগরণের সূচনা করে। নালন্দা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনের সদস্য দেশগুলোর সহযোগিতায় নালন্দা বিশ্ববিদ্যালয়কে একটি আন্তর্জাতিক উৎকর্ষ কেন্দ্র হিসেবে গড়ে তোলা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক কার্যক্রমে স্থানীয় জনগনকে অন্তর্ভুক্ত করার উদ্যোগের প্রশংসা করে রাষ্ট্রপতি বলেন, ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার লক্ষ্য অর্জনে নালন্দা বিশ্ববিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

######Byte-President######

********************************************

**Award-Panchayet :**

রাজ্যের তিনটি পঞ্চায়েত দীনদয়াল উপাধ্যায় এবং নানাজি দেশমুখ সতত বিকাশ পুরস্কারের বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার লাভ করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই খবর জানিয়েছেন। সিপাহীজলা জেলা সেরা জেলা পঞ্চায়েত ক্যাটাগরিতে প্রথম হয়েছে। ঊনকোটি জেলার কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েত স্বাস্থ্যকর পঞ্চায়েত ক্যাটাগরিতে প্রথম এবং পশ্চিম জেলার বৈকুন্ঠপুর গ্রাম পঞ্চায়েত মহিলা বান্ধব পঞ্চায়েত ক্যাটাগরিতে তৃতীয় হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, এই পঞ্চায়েতগুলিকে পুরস্কার বাবদ ৫ কোটি টাকা, ১ কোটি এবং ৫০ লক্ষ টাকা প্রদান করা হবে।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মহাবীর জয়ন্তীতে গান্ধীনগরের কোবায় সম্রাট সম্প্রতি জাদুঘরের উদ্বোধন করেন। এই জাদুঘর জৈন ইতিহাস এবং সম্রাট সম্প্রতির জীবন, তাঁর শাসন এবং অহিংসার বার্তায় উৎসর্গীকৃত। এ উপলক্ষে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, কোবা তীর্থে মূল্যবোধ সংরক্ষিত হয়, সাংস্কৃতিক নৈতিকতা মজবুত হয় এবং জ্ঞানের লালন হয়। তিনি এটিকে তিনটি ধারার সঙ্গম বলে অভিহিত করেছেন- অধ্যয়ন, আধ্যাত্মিক অনুশীলন এবং আত্ম-শৃঙ্খলা। তিনি বলেন, এটি ভারতীয় সভ্যতার মূল ভিত্তি। প্রধানমন্ত্রী বলেন, এই পবিত্র সঙ্গম যাতে নির্বিঘ্নে প্রবাহিত হয় তা নিশ্চিত করা প্রত্যেকের সম্মিলিত দায়িত্ব। প্রধানমন্ত্রী বলেন, পাণ্ডুলিপিকে অবহেলা করে বিগত সরকারগুলো যে ভুল করেছিল, বর্তমান কেন্দ্রীয় সরকার সংশোধন করছে। বিশ্বের বর্তমান পরিস্থিতির কথা উল্লেখ করে শ্রী মোদি বলেন, এই জাদুঘরের বার্তা সমগ্র মানবতার জন্য গুরুত্বপূর্ণ।

######Byte-PM#####

প্রধানমন্ত্রী আহমেদাবাদের সানন্দ জি.আই.ডি.সি-তে কেইনস সেমিকন প্ল্যান্টের উদ্বোধন করেন।

*************************

**Appointment :**

কেন্দ্রীয় সরকার আজ বিভিন্ন মন্ত্রক ও দপ্তরে নতুন সচিব নিয়োগ করেছে। বিহার ক্যাডারের ১৯৯২ ব্যাচের আই.এ.এস অফিসার চঞ্চল কুমারকে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব হিসাবে নিযুক্ত করা হয়েছে। এই মন্ত্রকের বর্তমান সচিব, সঞ্জয় জাজু, উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের সচিব হিসাবে নিযুক্ত হয়েছেন। ভুবনেশ কুমারকে পর্যটন সচিব এবং শ্রীবৎস কৃষ্ণকে সংখ্যালঘু বিষয়ক সচিব নিযুক্ত করা হয়েছে। রোহিত কানসালকে গ্রামীণ উন্নয়ন দফতরের সচিব হিসেবে নিয়োগ করা হয়েছে।

*************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ একটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় টি আই এস এফ ১–০ গোলে ডনবস্কো স্কুলকে পরাজিত করে। অপর খেলায় সুখময় স্কুল মাঠে না আসায় সাই এস টি সি ওয়াক ওভার পায়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ভারী বৃষ্টিপাত সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৭ মিলিমিটার। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************